

কাল থেকে রাজধানীতে ৪ দিনব্যাপী ‘ফুড ফেস্টিভ্যাল’

- A Monitor Desk Report

Date: 12 December, 2024



ঢাকাঃ আগামীকাল শুরুর ১৩ থেকে ১৬ ডিসেম্বর রাজধানীর বনানীর মোস্তফা কামাল আতাতুর্ক পার্কে অনুষ্ঠিত হতে যাচ্ছে ‘টেস্ট অব বাংলাদেশ’ নামে ফুড ফেস্টিভ্যাল। খাবার প্রেমীদের জন্য দ্বিতীয়বারের মতো এই ফেস্টিভ্যালের আয়োজন করছে বাংলাদেশ টুরিজম বোর্ড।

আজ বৃহস্পতিবার(১২ ডিসেম্বর) পর্যটন ভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান বাংলাদেশ টুরিজম বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা আবু তাহের মুহাম্মদ জাবের।

তিনি বলেন, ২০২৩ সালে বাংলাদেশ টুরিজম বোর্ড প্রথমবারের মতো ঢাকার বনানীতে টেস্ট অব বাংলাদেশের আয়োজন করেছিল। যেখানে ৪৪টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। প্রথমবারের সফলতার পর সিজন-২ আগামী ১৩ থেকে ১৬ ডিসেম্বর বনানীর মোস্তফা কামাল আতাতুর্ক পার্কে অনুষ্ঠিত হবে। এবারের আয়োজনে অঞ্চলভিত্তিক ৬২টি স্টল বাহারি ও ঐতিহ্যবাহী খাবার নিয়ে টেস্ট অব বাংলাদেশে অংশগ্রহণ করবে।

সংবাদ সম্মেলনে জানানো হয়, এবারের আয়োজনে ঢাকার বিউটি লাচ্ছি, লালবাগের কাচ্চি বিরিয়ানি, ফাইজানে মদিনার বিখ্যাত বোবার বিরিয়ানি, বাকরখানী, বিসমিল্লার কাবাব, কুমিল্লার রসমলাই, খুলনার চুইঝাল, শেরপুরের ছানার পায়েস ও তুলশী মালার চাল, বিখ্যাত রাজা-চা, ছোটন মামার ফায়ার পান, হাঁসের মাংস, ছিটা রুটি, যশোরের জামতলার সাদেক গোল্লা, বগুড়ার দই, ক্ষীরসা, কক্সবাজারের সি-ফুড, পার্বত্য চট্টগ্রামের ব্যাম্বু চিকেন, চট্টগ্রামের মেজবান, বরিশালের রসচুধি, দুধচিতই, পাটিসাপটা, পোয়াপিঠা, বেনিপিঠা, জামাইপিঠা, তালেরপিঠা, বউ সুন্দরী, লবঙ্গ লতিকা, হুদয়হরণ, ইলিশ পিঠা, ভাপাপুলি; মোরগ পোলাও, তেহারি ও বোরহানি, ফুচকা ও হালিম, ডাবের পুডিং, নাটোরের কাচা গোল্লা ও সন্দেশ, মৌলভীবাজারের মনিপুরি হাইনা চা ও খাবার, রাজশাহীর কালাইরুটি, হাঁসের মাংস পাওয়া যাবে।

এছাড়াও ইন্টারকন্টিনেন্টাল ঢাকা, প্যানপ্যাসিফিক সোনারগাঁও, শেরাটন বাংলাদেশি খাবারকে ভিন্ন আঙ্গিকে উপস্থাপন করবে। পাশাপাশি বাংলাদেশ পর্যটন করপোরেশন এবং এসএমই উদ্যোক্তাগণ তাদের বাহারি খাবার নিয়ে অংশগ্রহণ করবে। তরুণ প্রজন্মের খাবার নিয়ে এখানে থাকবে জেন-জি হ্যাংআউট কর্নার।

এতে খাবারের পাশাপাশি আয়োজিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান। যাতে থাকবে বাংলাদেশের অঞ্চলভিত্তিক ঐতিহ্যবাহী সাংস্কৃতিক পরিবেশনা- রাজশাহীর ঐতিহ্যবাহী গম্ভীরা, কুদ্দুস বয়াতির গান, পুখি পাঠ, অঞ্চল ভিত্তিক খাবার নিয়ে বিতর্ক, বাউল সংগীত, কাওয়ালি, পুতুল নাচ, পাহাড়ি নৃত্য, জেলে, সাপুড়ে, মাঝিসহ বিভিন্ন পেশাজীবীদের যৌথ নৃত্য পরিবেশনা, ব্যান্ড সংগীত, র‍্যাফেল ড ও লাইভ কুকিং কম্পিটিশন।

-B